সাধারণ অধিশাখা
ডাইরি নং ১০৭২
তারিখ ১৪.৫.২৬
মধ্যে উপস্থাপন করুন
আলোচনা করুন
সংশ্লিষ্ট নথিতে রাখুন
গার্ড ফাইলে রাখুন
কার্যক্রম নাই
প্রশাসনিক কর্মকর্তা

মন্ত্রিপরিষদ বিভাগ
প্রশাসন অধিশাখা
উপসচিব (সংস্থাপন)
উপসচিব (সাধারণ)
উপসচিব (সাধারণ সেবা-১)
উপসচিব (সাধারণ সেবা-২)
সি.স.স. (গ্রঃ ও শৃঃ)
ব্যক্তিগত কর্মকর্তা
ডায়েরী নম্বর: ১৫৬৭
তারিখ: ১৩/৫/২৬
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রশাসন-৫ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.erd.gov.bd

**স্মারক নম্বর:** ০৯.০০.০০০০.০০০.০৭৬.১১.০০০১.২৪.১৩৮

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩৩
১৩ মে ২০২৬

**বিষয়: চীনের বেইজিং এবং ইতালির রোমস্থ বাংলাদেশ মিশনের ইকনমিক উইং-এ 'ইকনমিক কাউন্সেলর' পদে নিয়োগ বিজ্ঞপ্তি**

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অধীন চীনের বেইজিং এবং ইতালির রোমস্থ বাংলাদেশ দূতাবাসের ইকনমিক উইং-এ ইকনমিক কাউন্সেলর পদে কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী বাংলাদেশ সিভিল সার্ভিসের ক্যাডারভুক্ত কর্মকর্তাগণের নিকট হতে সংযুক্ত "জীবন বৃত্তান্ত ছক" অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নোক্ত বিবরণ ও শর্তাধীনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে :

| পদের নাম ও ইকনমিক উইং | পদের সংখ্যা | যোগ্যতা | কাজের বিবরণ |
|---|---|---|---|
| ইকনমিক কাউন্সেলর<br>বাংলাদেশ দূতাবাস<br>বেইজিং, চীন | ০১ (এক) টি | বাংলাদেশ সিভিল সার্ভিসে ক্যাডারভুক্ত পদে জাতীয় বেতনস্কেলের ৫ম গ্রেড প্রাপ্ত এবং ন্যূনতম ১০ (দশ) বছরের চাকুরির অভিজ্ঞতা | বৈদেশিক সম্পদ আহরণ, উন্নয়ন সহযোগিতা বৃদ্ধি এবং অর্থনৈতিক বিষয়াদি সম্পর্কে চীন সরকার ও অন্যান্য দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক উন্নয়ন সহযোগি অঙ্গসংগঠনের সঙ্গে যোগাযোগ রক্ষা করা |
| ইকনমিক কাউন্সেলর<br>বাংলাদেশ দূতাবাস<br>রোম, ইতালি | ০১ (এক) টি | | বৈদেশিক সম্পদ আহরণ, উন্নয়ন সহযোগিতা বৃদ্ধি এবং অর্থনৈতিক বিষয়াদি সম্পর্কে ইতালি সরকার ও অন্যান্য দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক উন্নয়ন সহোযোগি অঙ্গসংগঠনের সঙ্গে যোগাযোগ রক্ষা করা |

**শর্তাবলী:**

সকল মন্ত্রণালয়/বিভাগ ও তার অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত পদে কর্মরত যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ০৭ জুন ২০২৬ তারিখ বেলা ৪:০০ ঘটিকার মধ্যে নির্ধারিত **"জীবন বৃত্তান্ত ছক"** পূরণপূর্বক (হার্ডকপি) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি ও পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সদ্য তোলা সত্যায়িত ছবি সংযুক্ত করে **সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় [দৃ: আ: অনুবিভাগ প্রধান (প্রশাসন, আইসিটি ও মধ্যপ্রাচ্য)]** বরাবর আবেদন করতে হবে।

নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর এবং যথাযথ কর্তৃপক্ষের দাপ্তরিক অগ্রায়নপত্র ব্যতিরেকে কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। ভুল বা অসম্পূর্ণ তথ্য সংবলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

আবেদনকারীকে বাংলাদেশ সিভিল সার্ভিসের ক্যাডারভুক্ত কর্মকর্তা হতে হবে এবং তাঁর চাকরি স্থায়ী হতে হবে।

যে সকল কর্মকর্তার সরকারি চাকরির অবশিষ্ট মেয়াদ আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ০৪ (চার) বছরের কম তাঁরা আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

যে সকল কর্মকর্তা ইতোপূর্বে প্রেষণে বা সরকারি পদে বিদেশে চাকরি করেছেন, তাঁরা চাকরি শেষে দেশে প্রত্যাবর্তনের ০৩ (তিন) বছরের মধ্যে আবেদন করতে পারবেন না। বিদেশে বাংলাদেশ হাইকমিশন/দূতাবাস/কনস্যুলেটের একই পদে বা সমমর্যাদার পদে ইতোপূর্বে চাকরি করেছেন এরূপ কর্মকর্তাগণও আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

১ জানুয়ারি, ১৯৯২ তারিখের পর জন্মগ্রহণকারী সন্তানসহ যাদের সন্তান সংখ্যা দুইয়ের অধিক তাঁদের আবেদন বিবেচনাযোগ্য হবে না। আবেদনপত্রে অবশ্যই সন্তান সংখ্যা, নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে।

বেসরকারি বিশ্ববিদ্যালয় অথবা বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষার ক্ষেত্রে সংশ্লিষ্ট ডিগ্রীর সনদপত্রের সাথে উক্ত ডিগ্রীর সমতা সংক্রান্ত যথাযথ মন্ত্রণালয়/ইউজিসি এর প্রত্যয়ন আবেদনের সাথে দাখিল করতে হবে।

একজন কর্মকর্তা এক বা একাধিক পদে আবেদন করতে পারবেন। একাধিক পদে আবেদনের ক্ষেত্রে প্রতি পদের জন্য আলাদা আবেদনপত্র দাখিল করতে হবে। সেক্ষেত্রে কোনটি প্রথম ও কোনটি দ্বিতীয় পছন্দ তা আবেদনপত্রে উল্লেখ করতে হবে।

আবেদনপত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যেকোনো অংশ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ঞ. এ নিয়োগে মন্ত্রিপরিষদ বিভাগের ১৮-১২-১৯৯৩ তারিখের মপবি/রিপোর্ট/বিদেশস্থ/৪(৫)৯৩-১৭৯(১৩) এবং ১১-০৭-২০১৬ তারিখের ০৪.৪১৬.০৮৩.০০.০০.০৩১.২০১০.২২৬ নম্বর সংশোধিত পরিপত্রের বিধানাবলী অনুসরণ করা হবে।

২. আবেদনকারীকে পূরণকৃত "জীবন বৃত্তান্ত ছক" এর সফট কপি (সংলগ্নি ছাড়া) মাইক্রোসফট ওয়ার্ড এ 'নিকস' ফন্টে ই-মেইলে (admin5@erd.gov.bd) প্রেরণের অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা

**সংযুক্তিঃ**
(১) ০১ (এক) পাতা।

১৩-০৫-২০২৬
মোঃ আব্দুল মান্নান সরকার
সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ৪৮১১২০১৮
ইমেইল : admin5@erd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। সিনিয়র সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৪। সিনিয়র সচিব/সচিব (সকল), মন্ত্রণালয়/বিভাগ, (তাঁর অধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণ এবং তাঁর মন্ত্রণালয়ের ও য়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অনুবিভাগ প্রধান (সকল অনুবিভাগ), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (তাঁর অধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করার অনুরোধ সহ)।
৬। বাংলাদেশ দূতাবাস, বেইজিং, চীন।
৭। বাংলাদেশ দূতাবাস, রোম, ইতালি।
৮। জেলা প্রশাসক (সকল), (তাঁর অধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করার অনুরোধসহ)।
৯। বিভাগীয় কমিশনার, ঢাকা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা।
১০। কমিশনার, কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম।
১১। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।
১২। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
১৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
১৪। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
১৫। বিভাগীয় কমিশনার, বরিশাল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল।
১৬। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ।
১৭। অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
১৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২১। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।